

সূত্র: বিইআরসি/এলপিগিজ/মূল্যহার/০১/২০২১

তারিখ: ২৭শে মে, ২০২১

বরাবর

চেয়ারম্যান,

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক ভোক্তাপর্যায়ে এলপিগিজ অটোগ্যাসের মূল্যহার নির্ধারণ প্রসঙ্গে।


মহোদয়,

যথাবিহীত সম্মানপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রনীত সৌদি সিপি অনুযায়ী ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার নির্ধারণের বিজ্ঞপ্তিটি আমরা পেয়েছি এবং আমরা উক্ত মূল্য বাস্তবায়নের জন্য দেশের সকল এলপিগিজ অটোগ্যাস স্টেশন মালিকবৃন্দকে উৎসাহিত করে আসছি। যেহেতু আমাদের এসোসিয়েশন দেশের সকল এলপিগিজ অটোগ্যাস স্টেশন মালিকবৃন্দের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করছে, সেই হিসেবে মালিকদের কাছ থেকে প্রাপ্ত বিভিন্ন সমস্যা ও মতামত আপনার নিকট বিবেচনার জন্য উপস্থাপন করছি।

১. যেহেতু সিএনজি, পেট্রোল, ডিজেল, অকটেন ইত্যাদি জ্বালানী তেলের বিক্রয়মূল্য প্রত্যেক মাসে পরিবর্তন করা হয়না, সুতরাং এলপিগিজ অটোগ্যাসের বিক্রয়মূল্যও প্রত্যেক মাসে পরিবর্তন না করার জন্য প্রস্তাব করা যাচ্ছে। কেননা, অটোগ্যাসের বিক্রয়মূল্য প্রতি মাসে পরিবর্তিত হওয়ার দরুন সারা দেশের এলপিগিজ অটোগ্যাস স্টেশনগুলোতে তা বাস্তবায়নে ব্যাপক বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। যেমন পাশাপাশি স্টেশনগুলো একই সাথে বিক্রয়মূল্য পরিবর্তন না করার কারনে মালিকদের সাথে গ্রাহকগণের সুসম্পর্ক ক্ষুন্ন হচ্ছে, মনোমালিন্য হচ্ছে এবং কিছু মালিক তাদের নিয়মিত গ্রাহক হারাচ্ছেন। তাই অটোগ্যাসের বিক্রয়মূল্য আগামী ১ (এক) বৎসরের জন্য অপরিবর্তিত রাখার জন্য প্রস্তাব করা যাচ্ছে।
২. গত ১১ই জানুয়ারী, ২০২০ ইং তারিখে অনুষ্ঠিত আমাদের এসোসিয়েশনের সাধারণ সভায় এলপিগিজ অটোগ্যাস স্টেশন মালিকগণ ৪৫ টাকা/লি. মূল্যহারে এলপিগিজ অটোগ্যাস বিক্রয় করার ব্যাপারে একমত পোষন করেন এবং বর্তমানেও ৪৫ টাকা/লি. মূল্যহারে বিক্রয় করার ব্যাপারে একমত এবং উক্ত মূল্য নির্ধারণের প্রস্তাব করেন।
৩. বর্তমানে অনেক এলপিগিজ অটোগ্যাস স্টেশন স্থাপিত হচ্ছে কিন্তু সেই তুলনায় চাহিদা কম, গড়ে বিক্রয় প্রতিদিন ৪০০-৫০০লি. তাই স্টেশন চার্জ ৮.০০ টাকা/লি. এর পরিবর্তে ১০.০০ টাকা/লি. করার জন্য সকল মালিকবৃন্দ প্রস্তাব করেন।

অতএব, মহোদয়ের নিকট বিনীত আরজি এই যে, এলপিগিজ অটোগ্যাসের বিক্রয়মূল্য ৪৫ টাকা/লি. এক বৎসরের জন্য এবং স্টেশন চার্জ ৮.০০ টাকা/লি. এর পরিবর্তে ১০.০০ টাকা/লি. নির্ধারণ করার জন্য সর্বিনয় অনুরোধ করছি।

নিবেদক

  
মোঃ হাসিন পারভেজ  
মহাসচিব



  
মোহাম্মদ সিরাজুল মাওলা  
সভাপতি

